



ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

13 February 2026

7:35 AM IST

=====

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বৈশি কিছু প্রকল্পের উদ্বোধন করতে আগামীকাল আসাম সফরে আসছেন । প্রধানমন্ত্রী আগামীকাল জরুরীকালীন সময়ে উড়ান-অবতরণ করতে সক্ষম বিশেষভাবে প্রস্তুত করা জাতীয় সড়কে অবতরণ করবেন । এর আগে প্রধানমন্ত্রী প্রথমে সাবুয়ার সেনা ছাউনিতে যাবেন এবং সেখান থেকে মরণ যাবেন । এই জরুরীকালীন অবতরণ ক্ষেত্রটি বায়ুসেনার জন্য কৌশলগত দিক থেকে বিশেষভাবে গুরুত্বপূর্ণ বলে বিবেচিত হচ্ছে । যুদ্ধ বা যেকোন জরুরীকালীন অবস্থায় সাধারণ বিমান বন্দরগুলি অচল হয়ে গেলে এই বিকল্প অবতরণ ক্ষেত্র সেনাবাহিনীর জন্য ফলপ্রসূ হবে । প্রধানমন্ত্রী শ্রীমোদী ডিব্ৰুগড়ের মরান থেকে সরাসরি গুয়াহাটি এসে গুয়াহাটিতে ব্ৰহ্মপুত্র নদের উপর নির্মিত গুয়াহাটি-উত্তর গুয়াহাটি সংযোগী কুমার ভাষ্করবর্মা সেতুর উদ্বোধন করবেন ।

এরপর প্রধানমন্ত্রী শ্রী মোদী গুয়াহাটির ভারতীয় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান (আই আই এম)-এর একটি অস্থায়ী প্রাঙ্গণের উদ্বোধন করবেন এবং কেন্দ্রীয়

তহবিলে ক্রয় করা ১শোটির অধিক বৈদ্যুতিক বাসের সূচনা করবেন । একই সঙ্গে প্রধানমন্ত্রী আমিনগাওয়ে একটি হাইপার স্কেল তথ্য কেন্দ্রেরও উদ্বোধন করবেন । সফরকালে প্রধানমন্ত্রী শ্রী মোদী গুয়াহাটিতে আয়োজিত একটি দলীয় কর্মী সভায়ও অংশ গ্রহণ করবেন ।

আজ বিশ্ব রেডিও দিবস । এ বছরের বিশ্ব রেডিও দিবসের মূল বিষয় হচ্ছে- ‘কৃত্রিম বুদ্ধিমত্তা ও রেডিও’ । বিশ্ব রেডিও দিবসে কনটেন্ট নির্মাণ , অনুবাদ ও শ্রোতা সংযোগে কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার , তবে মানবিক কণ্ঠ ও বিশ্বাস যোগ্যতাই বেতারের মূল শক্তি নিয়ে আলোচনা করা হবে । ১৯৩৬ সালে প্রতিষ্ঠিত আকাশবাণী বহুজন হিতায় -বহুজন সুখায় মন্ত্রে আজও দেশসেবায় নিয়োজিত রয়েছে । কেন্দ্রীয় তথ্য ও মস্পচার প্রতিমন্ত্রী ডক্টর এল মুরুগান বিশ্ব রেডিও দিবস উপলক্ষ্যে শুভেচ্ছা জানিয়েছেন ।

রাজ্যের পশুপালন , পশু চিকিৎসা ও মৎস্য উন্নয়ন বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আনিপুরের ভেঙ্গে পড়া সেতু গতকাল পরিদর্শন করে শ্রীভূমি জেলা প্রশাসন থেকে বিস্তারিত তথ্য সংগ্রহ করেন । মন্ত্রী শ্রীপাল ভেঙে পড়া সেতুর অবশিষ্ট অংশ দ্রুত অপসারণ করে অতি শীঘ্র সেতুটি মেরামতের কাজ শুরু করার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশ দেন । এছাড়া সেতুটি পুনর্নির্মাণ না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট এলাকার লোকজনের নিরাপদে চলাচলের বিষয়টি নিশ্চিত করতে বিকল্প ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দিয়েছেন । মন্ত্রী শ্রী পাল জানান যে- জনসাধারণের নিরাপত্তা এবং যোগাযোগ ব্যবস্থা পুনরায় স্বাভাবিক রাখতে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে ।

কেন্দ্রীয় সরকার প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার অধীনে আসামে ১ হাজার ৮শো ১৯ কোটি টাকায় অনুমোদন জানিয়েছে। অনুমোদিত এই তহবিল দিয়ে রাজ্যের ১ হাজার ৫শো ২২ কিলোমিটার দৈর্ঘ্যের সড়ক ও সেতু নির্মাণ করা হবে। এর ফলে রাজ্যের গ্রামাঞ্চলের যোগাযোগ ব্যবস্থা আরো শক্তিশালী এবং ব্যবসা-বাণিজ্য আরো সূচল হবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা আশা প্রকাশ করেন।

হাইলাকান্দি পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে গতকাল বিকেলে অভিযান চালিয়ে গাংপার ডুমকর এলাকার ৬ নম্বর জাতীয় সড়কের বাইপাস থেকে ১০৩টি ছোট প্লাষ্টিকের বোতল ভর্তি হেরোইন বাজেয়াপ্ত করেছে। এই ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে পুলিশ আব্দুল কায়ুম মজুমদার নামে এক ব্যক্তিকে আটক করেছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

হাইলাকান্দি জেলা প্রশাসন থেকে আসন্ন বিধানসভা নির্বাচন শান্তিপূর্ণভাবে পরিচালনার জন্য লাইসেন্সধারী সব আগ্নেয়াস্ত্র নিকটবর্তী থানায় জমা করার নির্দেশ দিয়েছেন। নির্বাচনী প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত এই আগ্নেয়াস্ত্রগুলি থানায় জমা থাকবে বলে জানানো হয়েছে।

ডিমা হাসাও জেলা জেলা প্রশাসনের পক্ষ থেকেও আসন্ন রাজ্য বিধানসভা নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারা অনুসারে জেলার ভিতরে অস্ত্র বহনে নিষেধাজ্ঞা জারী করা হয়েছে। হাফলং বিধানসভা আসনের নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য আগ্নেয়াস্ত্র, বিস্ফোরক সামগ্রী,

জ্বলনশীল বস্তু বহন করতে পারবে না । এই নিষেধাজ্ঞা তাৎক্ষণিকভাবে বলবৎ করা হয়েছে ।

বরাক উপত্যকার প্রখ্যাত লোকসঙ্গীত শিল্পী আব্দুল কাদির বড়ভুইয়া গত বুধবার শিলচরের একটি বেসরকারী নার্সিং হোমে শেষ নিশ্বাস ত্যাগ করেন । বয়স হয়েছিল ৫৮ । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে সম্প্রতি একটি অনুষ্ঠান থেকে বাড়ি ফেরার পর তিনি অসুস্থ হয়ে পড়েন । আব্দুল কাদের বড়ভুইয়ার মৃত্যুতে বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের হাইলাকান্দি জেলা সমিতির সভানেত্রী ডক্টর ইন্দিরা ভট্টাচার্য , বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের প্রাক্তন কেন্দ্রীয় সভাপতি নীতিশ ভট্টাচার্য , লোক সঙ্গীত শিল্পী বিধান লস্কর প্রমুখ গভীর শোক প্রকাশ করেছেন ।

লক্ষ্মীপুর প্রবীণ নাগরিক সংস্থার উদ্যোগে গতকাল লক্ষ্মীপুরের খরিরোল কমিউনিটি হলে সদ্য প্রয়াত লক্ষ্মীপুর পৌরসভার প্রাক্তন সহ-সভাপতি মনোজ কুমার দাস ও লক্ষ্মীপুর পালোরবন্দের বিশিষ্ট নাগরিক তথা লেখক এম ভূবন সিংহের মৃত্যুতে এক শোকসভা অনুষ্ঠিত হয় । সংস্থার সহ-সভাপতি কে গৌরহরি সিংহের পৌরহিত্যে আয়োজিত শোক সভায় প্রয়াত মনোজ কুমার দাস ও প্রয়াত এম ভূবন সিংহের জীবনের বিভিন্ন দিক নিয়ে আই বিনোদ সিংহ , এস বীরেন সিংহ , বর্না রায় চৌধুরী প্রমুখ আলোচনা করেন । উল্লেখ্য মনোজ কুমার দাস গত ৭ই ফেব্রুয়ারী এবং এম ভূবন সিংহ গত ৮ই ফেব্রুয়ারী শেষ নিশ্বাস ত্যাগ করেন ।
